



বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানি লভারিং প্রতিরোধ সেল)

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ৪৯৫৫৩০২৮
৪৭১২০৫১৩
Email: dgmrmmd@krishibank.org.bd

প্রকা/আরএমডি(৩০)/অংশ-৮/২০২১-২২/ ৪৮০

তাং- ২৬-০৮-২০২১

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
- ০৩। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক (আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ৪ বিএফআইইউ কর্তৃক জারীকৃত মানিলভারিং ও সজ্ঞাসে অর্থায়ন প্রতিরোধে তফসিলি ব্যাংকসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা সম্পর্কিত বিএফআইইউ সার্কুলার নং-২৬ অনুযায়ী “বাংলাদেশ কৃষি ব্যাংক গ্রাহক নির্বাচন নীতিমালা” প্রণয়ন প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ সার্কুলার নং-২৬, তাং-১৬/০৬/২০২০ (ইতোমধ্যে অত্র ব্যাংকের ওয়েবসাইটে সংযোজিত) এর ২ নং অনুচ্ছেদ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার অনুযায়ী-

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি ব্যাংকের সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে; যা ব্যাংকের মানিলভারিং ও সজ্ঞাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধ সংক্রান্ত মূল নীতিমালার অংশ হতে পারে। উক্ত নীতিমালায় অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে -

ক) বেনামে, ছদ্মনামে বা শুধু সংখ্যায়ুক্ত কোনো গ্রাহকের হিসাব খোলা বা পরিচালনা করা যাবে না। এছাড়াও বেনামে, ছদ্মনামে বা শুধু সংখ্যায়ুক্ত কোনো গ্রাহকের হিসাব রোধে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা;

খ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সজ্ঞাস ও সজ্ঞাসী কার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোনো হিসাব খোলা বা পরিচালনা না করা;

গ) শেল ব্যাংক (Shell Bank) এর সাথে কোনো ধরনের ব্যাংকিং সম্পর্ক স্থাপন না করা (এক্ষেত্রে ‘শেল ব্যাংক’ বলতে ঐ সমস্ত ব্যাংক-কে বুঝাবে যার যেই দেশে নিবন্ধিত বা লাইসেন্স প্রাপ্ত সেই দেশে কোন বাহ্যিক উপস্থিতি নাই বা যেটি কার্যকর পরিদর্শনের আওতাভুক্ত ও নিয়ন্ত্রিত কোন আর্থিক গ্রুপের সদস্য নয়) এবং

ঘ) এ বিষয়ে বিএফআইইউ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।

০৩। গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(বিএফআইইউ) কর্তৃক প্রদত্ত উল্লিখিত নির্দেশনাবলী এবং অন্যান্য প্রযোজ্য নিয়মাবলী সম্বলিত একটি গ্রাহক নির্বাচন নীতিমালা গত ১৭-০২-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৮৪ তম সভায় অনুমোদিত হয়েছে।

বিক্রেয় গ্রাহক নির্বাচন নীতিমালা টি পরিপালন ও বাস্তবায়নের জন্য নিম্নে উল্লিখিত অত্র ব্যাংকের ওয়েবসাইট এর পলিসি এন্ড গাইডলাইনস অংশ হতে ডাউনলোড করার নির্দেশনা প্রদান করা হলো:

<http://www.krishibank.org.bd>


০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংকে গ্রাহক নির্বাচন ক্ষেত্রে আরোপিত নীতিমালা অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ ও সচেতনতা অবলম্বন করতঃ এতদসংক্রান্ত নির্দেশনাবলীর পরিপালন নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হলো। এ বিষয়ে কোন রকম অবহেলা / শৈথিল্যের কারণে ব্যাংকের স্বার্থ বিঘ্নিত হলে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোনরূপ জরিমানা/ শাস্তি আরোপ করা হলে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত দায় বলে বিবেচিত হবে এবং প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আকতার হোসেন)
উপমহাব্যবস্থাপক

ও

উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা(DCAMLCO)


(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)
প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(CAMLCO)